

# ডিপিএড শিক্ষার্থীদের ইংরেজি বিষয়ের সাধারণ নির্দেশনা

প্রিয় প্রশিক্ষণার্থীবৃন্দ,

আশাকরি পরম করুনাময়ের রহমতে সবাই সুস্থ ও ভাল আছেন। আপনারা অবগত আছেন যে দেশব্যাপী করোনা ভাইরাস সৃষ্ট পরিস্থিতিতে সকল শিক্ষা প্রতিষ্ঠান বর্তমানে বন্ধ রয়েছে। এর ফলে অসংখ্য শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। বিদ্যমান পরিস্থিতিতে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মতই পিটিআই এর ডিপ্লোমা-ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) কার্যক্রমও অনির্দিষ্টকালের জন্য বন্ধ রয়েছে। এমতাবস্থায় জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) 'ঘরে বসে ডিপিএড অনুশীলন' নামে কার্যক্রম শুরু করেছে।

'ঘরে বসে ডিপিএড অনুশীলন' কার্যক্রমে অংশগ্রহণ করতে আপনাদের নিচের কাজগুলো করতে হবে:

১. নেপের ওয়েব সাইট [www.nape.gov.bd](http://www.nape.gov.bd) নিয়মিত ভিজিট করুন। ওয়েব পেইজের 'ঘরে বসে ডিপিএড অনুশীলন' মেনুতে ক্লিক করলেই আপনারা বিভিন্ন বিষয়ের প্রয়োজনীয় উপকরণ পেয়ে যাবেন।
২. নিয়মিত আপডেট পেতে নেপের ফেসবুক পেইজ [National Academy for Primary Education (Nape)] এ লাইক দিয়ে সাথে থাকবেন।
৩. নিজ নিজ পিটিআই এর ফেসবুক গ্রুপে (গাইড ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে) অ্যাড থাকবেন যার থেকেও আপনারা নিয়মিত আপডেট এবং প্রয়োজনীয় নির্দেশনা পাবেন।
৪. নেপ এর Youtube চ্যানেলটি ([https://www.youtube.com/channel/UCyWT\\_k1GuAy56s1XMCflg5A](https://www.youtube.com/channel/UCyWT_k1GuAy56s1XMCflg5A)) নিয়মিত ভিজিট করবেন এবং আপডেট পেতে **subscribe** করবেন।
৫. যে কোন প্রয়োজনে নিজ পিটিআই এর সুপারিনটেনডেন্ট, নিজের গাইড ইন্সট্রাক্টর, সংশ্লিষ্ট বিষয়ের বিষয় ইন্সট্রাক্টর এবং পিটিআই কর্তৃক নিযুক্ত ফোকাল পারসন এর সাথে নিয়মিত ফেসবুক ম্যাসেঞ্জারে, ই-মেইলে অথবা ফোনে যোগাযোগ রাখবেন।

এই কার্যক্রমে ডিপিএড এর প্রতিটি বিষয়ের জন্য বিবিধ আলোচ্য বিষয়বস্তু এবং কর্ম পরিকল্পনা ইতিমধ্যে নেয়া হয়েছে। যা দেখে ও অনুশীলনের মাধ্যমে পিটিআই এ চলমান শিক্ষার্থী ও চতুর্থ টার্মের শিক্ষার্থীগণ তাদের পেশাগত উন্নয়ন অব্যাহত রাখতে পারবেন। এরই ধারাবাহিকতায় ডিপিএড ইংরেজি বিষয়ের যেসব টপিক বা কন্টেন্ট নিয়ে আমরা আলোচনা করবো, তাহলোঃ

- ❖ বিষয়জ্ঞান ও শিক্ষণবিজ্ঞান এর গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কিত কন্টেন্ট এর উপর আলোচনা।
- ❖ শিক্ষক সংস্করণের আলোকে ইংরেজি পাঠ পরিকল্পনায় **IPT** এর ব্যবহার
- ❖ শ্রেণিভিত্তিক ও দক্ষতাভিত্তিক নমুনা পাঠ পরিকল্পনা অনুশীলন
- ❖ ল্যাঙ্গুয়েজ গেম
- ❖ **Classroom management**
- ❖ **Classroom language** এবং শ্রেণিকক্ষে প্রয়োগের কৌশল
- ❖ স্কুল প্লেসমেন্ট চলাকালীন ইংরেজি বিষয়ে বেইসলাইন সার্ভে করা ও রেকর্ড রাখার নিয়ম।
- ❖ রেকর্ড সংরক্ষণঃ বেইজলাইন ও পাক্ষিক মূল্যায়ন তুলনা করে অগ্রগতি বা চ্যালেঞ্জসমূহ শনাক্তকরণ ও পরবর্তী পরিকল্পনা গ্রহণের উপাত্ত নির্ধারণ
- ❖ শ্রেণি পাঠের জন্য শিখন-ফল নির্ধারণ করা
- ❖ পাক্ষিক পরিকল্পনা করার নিয়ম
- ❖ পাক্ষিক হতে দৈনিক পাঠ পরিকল্পনা করার নিয়ম
- ❖ গাঠনিক ও সাম্প্রতিক মূল্যায়ন, সম্পর্কিত ধারণা, মূল্যায়ন প্রকৃয়া, সমস্যা ও সমাধান।
- ❖ পাক্ষিক মূল্যায়নের কৌশল ও তার ব্যবহার।
- ❖ শিক্ষক সংস্করণ, শিক্ষাক্রম ও ধারাবাহিক শিখনক্রমের কার্যকর ব্যবহার
- ❖ শিক্ষা উপকরণ তৈরী ও শ্রেণিকক্ষে ব্যবহার।
- ❖ **Action research**

এছাড়াও আরো যদি আপনারা জানতে ও আলোচনা করতে চান তাহলে কमेंটস এ আমাদেরকে জানান।

সবাই সুস্থ ও নিরাপদ থাকুন, ভাল থাকুন। ধন্যবাদ।